

**Jyaishtha 19, 1427 Bangla, June 02, 2020 Tuesday, No. 154, 50<sup>th</sup> year**

## **H I G H L I G H T S**

DGHS informs that 2,381 new corona infected cases in the country during last 24 hours takes total number to 49,534 while 22 new casualties confirm death toll to 672. (VOA: 8)

Considering the intensity of coronavirus infection, govt. has decided to divide different areas of the country into three zones – Red, Yellow and Green. (R. Tehran: 9)

Road Transport & Bridges Minister Obaidul Quader says, govt. will take harsher steps if the health guidelines are not followed and social distancing is not maintained. (R. Tehran: 10)

BNP SG Mirza Fakhrul Islam alleges that fare of mass transports has been enhanced for owners' interests; a writ petition has been filed with HC challenging 60% fare hikes in public transport. (R. Tehran: 10, R. Today: 12)

MOPA says, highest 25 percent officials & employees of every ministry & division would remain present at the secretariat to carry out office works. (VOA: 8, R. ABC: 11)

Former health minister Mohammed Nasim tested coronavirus positive; he's admitted to a private hospital in the capital. (R. Tehran: 10)

RAB has arrested a human trafficker ringleader who allegedly involved with trafficking of 26 slain Bangladeshi nationals in Libya. (BBC: 3)

ILO has called for Govt. initiatives to provide financial security to Bangladeshi migrant workers returned to the country. (VOA: 8)

National Cricket team Captain Tamim Iqbal has been named World Food Programme's National Goodwill Ambassador in Bangladesh. (R. Today: 13)

US Secretary of State Mike Pompeo congratulated Bangladesh for exporting 65 lakh PPEs to US Market; prioritized International partnerships like these in fighting Coronavirus. (VOA: 8)

Coronavirus global infected cases exceeded 63 lakh 66 thousand with over 3 lakh 77 thousand dead. (R. Today: 13)

জ্যৈষ্ঠ ১৯, ১৪২৭ বাংলা, জুন ০২, ২০২০ মঙ্গলবার, নং - ১৫৪, ৫০ বছর

## শিরোনাম

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, দেশে ২৪ ঘন্টায় করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ২৩৮১ - মোট আক্রান্ত ৪৯ হাজার ৫৩৪; ২২ জনের মৃত্যুতে মোট মৃত্যের সংখ্যা দাঁড়িয়েছে ৬৭২ জনে। (ভোয়া: ৮)

করোনা সংক্রমণ ও মৃত্যুহার অনুযায়ী সারাদেশকে রেড, গ্রিন ও ইয়েলো জোনে ভাগ করা হবে।

(রেডিও তেহরান: ৯)

স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব না মানলে সরকার জনস্বার্থে আবারও কঠোর সিদ্ধান্ত নিতে পারে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (রেডিও তেহরান: ১০)

বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল অভিযোগ করেছেন, গণপরিবহনে ভাড়া বাড়ানো হয়েছে মালিকদের স্বার্থে; গণপরিবহনে ৬০ শতাংশ ভাড়া বৃদ্ধির প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট দায়ের করা হয়েছে।

(রেডিও তেহরান: ১০, রেডিও টুডে: ১২)

সচিবালয়ে প্রতিটি মন্ত্রণালয় ও বিভাগে এক সঙ্গে সর্বোচ্চ ২৫ শতাংশ কর্মকর্তা-কর্মচারী নিয়ে অফিসের কাজ চলবে। (ভোয়া: ৮, রেডিও এবিসি: ১১)

সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম করোনাভাইরাসে আক্রান্ত; হাসপাতালে ভর্তি। (রেডিও তেহরান: ১০)

লিবিয়ায় নিহত ২৬ বাংলাদেশি নাগরিক পাচারের সাথে জড়িত থাকার অভিযোগে মানব পাচারকারী দলের হোতাকে গ্রেফতার করেছে র্যাব। (বিবিসি: ৩)

দেশে ফিরে আসা বাংলাদেশী অভিবাসীদের আর্থিক সুরক্ষায় সরকারি উদ্যোগের আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক শ্রমসংস্থা - আইএলও। (ভোয়া: ৮)

বাংলাদেশে বিশ্ব খাদ্য সংস্থার শুভেচ্ছা দৃত নিযুক্ত হয়েছেন জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক তামিম ইকবাল। (রেডিও টুডে: ১৩)

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের ৬৫ লাখ পিপিই রপ্তানিকে স্বাগত জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও; করোনা মোকাবিলায় এ ধরণের আন্তর্জাতিক অংশীদারিত্বের প্রতি গুরুত্বারোপ। (ভোয়া: ৮)

করোনাভাইরাসে বিশ্বজুড়ে আক্রান্তের সংখ্যা ৬৩ লাখ ৬৬ হাজার ছাড়িয়েছে; মৃত্যু ৩ লাখ ৭৭ হাজার। (রেডিও টুডে: ১৩)

## বিবিসি বাংলা

### এক আদম ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব

লিবিয়ায় নিহত ২৬ জন বাংলাদেশিকে পাচারের সাথে জড়িত সন্দেহে ঢাকায় একজন আদম ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব। র্যাব বলছে, গ্রেফতারকৃত কামাল উদ্দীন মানব পাচারকারী চক্রের একজন নেতা। নিহতদের পরিবারের সদস্যরা বলছেন, দালালদের প্রচুর অর্থের বিনিময়ে তাদের লিবিয়ায় পাঠানো হয়েছিল। গত বৃহস্পতিবার লিবিয়ার মিজদাহ শহরে অপহরণকারীদের গুলিতে এই বাংলাদেশিরা নিহত হন। ঢাকা থেকে জানাচ্ছেন সাইয়েদো আক্তার:

মাদারীপুরের রাজের ইন্টারমিডিয়েট পড়তে পড়তে পাড়ার একজন পরিচিত ব্যক্তির কাছ থেকে প্রথম বিদেশ যাওয়ার প্রস্তাব পান আসাদুল আকন। পরিবারকে অনেক বুবিয়ে শেষ পর্যন্ত বসতভিটা ও জমি বন্ধক রেখে টাকা যোগাড় করে ইতালির উদ্দেশ্যে লিবিয়া যান আসাদুল। বলছিলেন তার বড় ভাই শাহাদাত আকন। গত বৃহস্পতিবার লিবিয়ায় মানব পাচারকারী চক্রের কাছ থেকে অপহত হওয়ার পর অপহরণকারীদের হাতে খুন হওয়া ২৬ জনের একজন আসাদুল:

(স্কট্রে): বলেছিল লিবিয়া পর্যন্ত যেতে ৪ লাখ টাকা লাগবে। ওখান থেকে আবার ৩ লাখ। বলেছিল জায়গা জমি বেঁচে দিয়ে ইতালি গেলে এ টাকা হয়ে যাবে এক বছরের মধ্যে। আমাকে অনেক বলার পর জায়গা জমি বন্ধক রেখে ওকে পাঠিয়েছি।

সরকারি তথ্য অনুযায়ী, এ মুহূর্তে বিশ্বের বিভিন্ন দেশে এক কোটিরও বেশি প্রবাসী বাংলাদেশি শ্রমিক রয়েছেন। এর মধ্যে মধ্যপ্রাচ্যে কাজ করতে যাওয়া শ্রমিকের সংখ্যা কমবেশি ২০ লাখের মতো। এদের সিংহভাগই অদক্ষ শ্রমিক এবং প্রায়ই তাদের উপর নানা রকম নির্যাতন ও নিপীড়নের অভিযোগ শোনা যায়। এছাড়া দালালের মাধ্যমে বিদেশে যেয়ে প্রায়ই প্রতারণার শিকার হতে হয় অনেককে। কিন্তু তবু দালালদের মাধ্যমে বিদেশে যাওয়া থেমে নেই। লিবিয়াতে বৃহস্পতিবার নিহত আরেক ব্যক্তির ভাই লিটন হোসেন বেকারত্সহ নানা কারণে দালালের মাধ্যমে বিদেশে যায় মানুষ। মি. হোসেন নিজেও মধ্যপ্রাচ্যের একটি দেশে নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করেন।

এদিকে লিবিয়ায় অপহরণকারীদের গুলিতে নিহত ২৬ বাংলাদেশিকে অবৈধভাবে পাচারের সাথে জড়িত সন্দেহে ঢাকায় এক ব্যক্তিকে গ্রেফতার করেছে র্যাব। র্যাব বলছে, গ্রেফতার হওয়া কামাল উদ্দীন লিবিয়ায় নিহতদের কয়েকজনকে সেখানে পাঠিয়েছেন। র্যাবের একজন পরিচালক রকিবুল হাসান সংবাদ সম্মেলন করে বলেছেন, আটক ব্যক্তি দালাল চক্রের নেতা। এ চক্র মাদারীপুর, শরীয়তপুর ও মাগুরাসহ বিভিন্ন এরাকার মানুষকে প্রলোভন দেখিয়ে বিদেশে যেতে রাজি করাতো। বাংলাদেশের অভিবাসন খাতে দালালদের দৌরান্তের কথা যেমন শোনা যায় তেমনি শ্রমিকেরা অদক্ষ ও কম শিক্ষিত হওয়ায় দালালেরা তার সুযোগ নিচে বলেও মনে করেন বিশ্বেষকেরা। তবে একইসঙ্গে বিভিন্ন সময় মানবপাচার করতে গিয়ে বড় বড় দুর্ঘটনার পর দালালেরা আটক হলেও তাদের শাস্তির ঘটনা কমই শোনা গিয়েছে।

অভিবাসন নিয়ে কাজ করে এমন একটি সংস্থা রামরূর একজন পরিচালক মেরিনা সুলতানা বলছিলেন দালালদের বিচারে সরকারকে শক্ত অবস্থান নিতে হবে। করোনাভাইরাস পরবর্তী সময়ে অবৈধভাবে অভিবাসনের সমস্যা আরও বাড়বে এমন আশঙ্কা প্রকাশ করে মিস সুলতানা বলেছেন, মানুষজনকে অবৈধ অভিবাসন ঝুঁকি সম্পর্কে সতর্ক করার কাজ এখনই শুরু করতে হবে সরকারকে। (বিবিসি: ১৯:৩০ঘ. ০১/০৬/২০২০ রিহাব/নারগীস)

### বাংলাদেশে স্বাস্থ্যবিধি মেনে পরিবহন চালানো সম্ভব হচ্ছে না

বাংলাদেশে আজ ১লা জুন থেকে চালু হয়েছে সব ধরনের বাস ও বিমান চলাচল। এর আগে গতকাল ট্রেন ও লম্পও চলাচলও শুরু হয়েছে। সরকারি শর্তে বলা হয়েছে, করোনাভাইরাসের বিস্তার রোধে স্বাস্থ্যবিধি মেনে এসব পরিবহন চলাচল করবে। কিন্তু ঢাকা থেকে আমাদের সংবাদদাতা মুন্নী আক্তার বলেছেন, স্বাস্থ্যবিধি মেনে এসব চালানো সম্ভব হচ্ছে না। কর্তৃপক্ষ বলছে, পরিস্থিতি খারাপ হলে পরবর্তীতে কঠোর সিদ্ধান্ত নেয়া হবে - ঢাকা থেকে প্রতিবেদন:

রাজধানী ঢাকার অন্যতম ব্যস্ত বাস টার্মিনালগুলোর একটি মহাখালী। এখানে আমি আজকে এসেছিলাম বাস চলাচল কেমন হচ্ছে সেটি দেখতে। আমি যেটি দেখলাম সেটা হচ্ছে এখানে বাসে যারা উঠলেন সেখানে স্বাস্থ্যবিধি বলতে হ্যান্ড স্যানিটাইজার নেই। তবে একটি বিষয় চোখে পড়ার মতো আমি এখানে একটি ডিসেন্ট সেকশন চ্যানেল দেখেছি। আমি একজন মাত্র যাত্রীকে দেখেছি যিনি সেটা অনুসরণ করছেন। তবে যাত্রী এবং বাসে যারা কাজ করেন তাদের আমি মাফ পড়তে দেখেছি। এছাড়া অন্য কিছু মানার কোন স্টেপ আমি তাদের মধ্যে দেখিনি।

করোনাভাইরাসের ঝুঁকির কারণে গাড়ি থেকে না নেমে বাস টার্মিনালের পাশে গাড়িটি সাইড করে রাখি যাতে বাসগুলো এসে থামলে চোখে পড়ে। ঢাকার ভেতরে চলাচলকারী যেসব লোকাল বাস রয়েছে, সেগুলোতে যারা উঠছেন তাদের অনেককেই টেনে তুলছেন বাসের হেল্পাররা। সবচেয়ে চোখে পড়ার মতো বিষয়টি হচ্ছে যাত্রীরা বাসে ওঠা এবং নামার সময় গেটের সামনে এসে জড়ো হচ্ছেন।

বাসগুলো ছোট হওয়ায় একটি করে আসন ফাঁকা রাখলেও দুই মিটারের দূরত্ব বজায় রাখা সম্ভব হচ্ছে না। তবে প্রথমদিন হিসেবে বাস যাত্রীর সংখ্যা অনেক হয়েছে। সাভারের ইপিজেড এলাকায় একটি কারখানায় ব্যবস্থাপনা বিভাগে কাজ করেন অঙ্কন আরা। সাভারের জিরানী এলাকা থেকে বাসে করে কর্মসূলে যান তিনি:

(স্বকঞ্চে): দেখেন, সমস্যাটা আমাদের বেশি। আমার একটা অভিজ্ঞতার কথা বলি। একজন লোক এসে বলছে আপা একটু চাপেন। আমি বললাম এখানে বসা যাবে না। আপনি জানেন না যে অর্ধেক যাত্রী উঠবে প্রতি সিটে একজন করে বসবে? উনি আমাকে বলতেছে বাবারে বাবা। এভাবে চলতে থাকলে বাসওয়ালারা আমাদের পেয়ে বসবে তাই না।

এদিকে, আজ থেকে অভ্যন্তরীণ রুটে বিমান চলাচলও শুরু হয়েছে। বেসরকারি বিমান কোম্পানি নভোএয়ার জানিয়েছে, বিমানবন্দরে প্রবেশ থেকে শুরু করে বিমানে তোলা সর্বত্রই স্বাস্থ্যবিধি মেনে চলছেন তারা। নভোএয়ারের মুখ্যপাত্র এ.কে.এম. মাহফুজুল আলম জানান, শরীরে তাপমাত্রা বেশি থাকার কারণে বিমানবন্দর থেকে ২ যাত্রীকে ফিরিয়ে দেয়া হয়েছে:

(স্বকঞ্চে): যাত্রীদের জ্বর দেখেছি, হ্যান্ডগ্লাভস দিয়েছি, মাস্ক এবং ঢোকার সময় হ্যান্ড স্যানিটাইজার রাখা আছে আমাদের প্রত্যেকটা কাউন্টারে। স্বাস্থ্যবিধির গাইড আমরা পুরোপুরি ফলো করছি।

শনিবার সন্ধিয়ায় লক্ষ্মণ রওয়ানা হয়ে রবিবার সকালে ঢাকায় এসেছেন লিয়াকত হোসেন খান লাভলু। তিনি জানান, সুন্দরবন-১৪ নামের যে লক্ষণটিতে তিনি ঢাকায় এসেছেন সেটি যাত্রীতে পরিপূর্ণ হয়ে যাওয়ার কারণে নির্দিষ্ট সময়ের দুই ঘণ্টা আগে ছেড়েছে লক্ষণটি:

(স্বকঞ্চে): চতুর্থ ও তৃতীয় শ্রেণির লোকজন আগে উঠে গেছে লক্ষণ। এরা সবাই সমস্ত ডেকে এবং বারান্দায় বসে পড়ে। পরে র্যাব, ম্যাজিস্ট্রেট লক্ষণাট সিলগালা করে দিয়েছে। পরে কেবিন যাত্রী আসে নাই লক্ষণ ছেড়ে দিয়েছে। এখানে সামাজিক দূরত্ব বজায় রাখতে পারেন।

এ বিষয় নৌ-পরিবহনমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, কঠোর নির্দেশনা আর ব্যবস্থাপনার পরেও জনগণের অসচেতনতার কারণে স্বাস্থ্যবিধি পুরোপুরি নিশ্চিত করা যাচ্ছে না:

(স্বকঞ্চে): আমাদের পক্ষ থেকে আমরা শক্ত পদক্ষেপ নিয়েছি কিন্তু আমরা একটা গণতান্ত্রিক দেশ, গণতান্ত্রিক সরকার আমরা পুরোপুরিভাবে মানুষের উপরে আক্রমণাত্মক হতে পারি না। আমরা চেষ্টা করছি যেন এই ঝুঁকিটা কমিয়ে আনা যায়। সরকার যে ১৫ তারিখ পর্যন্ত যে শিথিলতা দিয়েছে এটা একটা পর্যবেক্ষণ। এই পর্যবেক্ষণটায় স্বাস্থ্যবুঁকি যদি আরও বেড়ে যায় তাহলে নিশ্চয় সরকার ১৫ তারিখের পরে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

গত ৮ই মার্চ বাংলাদেশে করোনাভাইরাস শনাক্ত হওয়ার পর দুই মাসেরও বেশি সময় ধরে অঘোষিত লকডাউন চলার পর পরিস্থিতি শিথিলের এই সিদ্ধান্ত আসে। (বিবিসি: ১৯:৩০ ঘ. ০১/০৬/২০২০ সাইফুর/নারগীস)

বাংলাদেশের ২৬ জনকে লিবিয়ায় হত্যার পর এর সাথে জড়িত অনেক দালালকে সন্দেহ করছে র্যাব লিবিয়ায় ২৬ বাংলাদেশিকে হত্যার ঘটনার পর এটি নিয়ে র্যাবের একজন কর্মকর্তা লে. কর্মেল রাকিবুল হাসানের কথায় উঠে আসে। এক সংবাদ সম্মেলনের পরে তার কাছে জানতে চেয়েছিলাম লিবিয়াতে বাংলাদেশি পাচারের বিষয়ে যেসব তথ্য তারা পেয়েছেন সেটা তাদের কতটা কাজে আসবে?

মি. রাকিবুল: গত ২৮শে মে'তে যে ঘটনাটা ঘটলো এটা আমাদের জন্য একটা বড় শক এবং এটা আলোচনা যখন হয়, তখন এটা চেষ্টা করলাম যে এই লোকগুলো কাদের মাধ্যমে গিয়েছে? তখন আমরা এই ভিকটিম যারা যারা আছে, তাদের পরিবারের সাথে যোগাযোগ করে একদম রুট লেভেলে হাত দিলাম। তো সেখান থেকে আমরা গ্রামের যে দালাল এরকম আমরা বলবো যে ৮-১০ জন দালালের নাম আমরা পেয়েছি। যারা স্পেসিফিক এই ঘটনার সাথে জড়িত যেমন মাদারীপুর, কিশোরগঞ্জের ভৈরব এই অঞ্চলের লোকগুলোকে তারা পাঠিয়েছিল লিবিয়াতে। এদের পরে যে সার্কিটের যে অন্য যে সমস্ত দালাল এর সাথে জড়িত ঢাকায় যারা এদেরকে রিসিভ করে এদেরকে পাসপোর্ট করে দেয়, এদেরকে ট্রেনিং দেয়, ভিসার ব্যবস্থা করে। পরবর্তীতে একজন তাদের সাথে নিয়ে দেশ থেকে বাইরে পাশের দেশে চলে যায় কলকাতাতে। ওখান থেকে মুসাইতে চলে যায়।

বিবিসি: এই কাজগুলো যারা করেছেন আপনারা তাদের নাম পরিচয় সব পেয়ে গেছেন?

মি. রাকিবুল: সবার নাম পরিচয় পেয়েছি এটা আমি নিশ্চিত করে আপনাকে বলতে পারবো না। আমরা একটা সার্কিট যাকে আমরা আইডেন্টিফাই করেছি, সে হচ্ছে এই সার্কিটের মূল হোতা। মানে শুরু থেকে রুট লেভেলে যে সমস্ত দালালরা কাজ করে এবং শেষ পর্যন্ত লিবিয়াতে পৌছানোর পরে তাদের সাথে যোগাযোগ এবং পুরো প্রক্রিয়ার সাথে যে মনিটর করে এবং সে ফিলাসিয়াল ট্রান্সমিশনগুলো যার মাধ্যমে হয়, পুরো জিনিসটা মনিটর করে সে। এছাড়াও এই সার্কিটের বাইরে আরও বেশকিছু নাম আমরা পেয়েছি।

**বিবিসি:** আপনারা যে এটা প্রকাশ করলেন সংবাদ সম্মেলন করে তারা তো এখন এটা জেনে গেছে তো এটা কি অনেকটা হিতে বিপরীত হবে না?

**মি. রাকিবুল:** অনেকটা হিতে বিপরীত হওয়ার আশঙ্কাটা একটু কম। কারণ আমরা একটা এফোর্ট দিচ্ছি, আমরা সমস্ত অর্গানাইজেশন একসাথে কাজ করছি এই ব্যাপারটিতে। তাকা মেট্রোপলিটন পুলিশ, সিআইডি সবাই মিলে একসাথে কাজ করছি। ইনফরমেশন শেয়ার করছি একজন আর একজনের সাথে। তো আমার মনে হয় না তারা খুব সহজে দেশ থেকে বাইরে যেতে পারবে।

**বিবিসি:** তারা তো জেনে গেছেন, তাদের কাজ, ঠিকানা, নাম জানেন। তো এখনি আপনারা আগের মতো তাদেরকে ধরতে পারবেন?

**মি. রাকিবুল:** এখনকার দিন এই জিনিসগুলো হাইড করা খুবই ডিফিকাল্ট। যখনই মনে করেন আপনার এত বড় একটা ঘটনা ঘটে ২৬ জন মারা গেল। তখন তো এরা জানে যে কয়জন ব্যক্তিদের পাঠিয়েছেন লিবিয়াতে। এটা তো ২৮শে মে'র ঘটনা। আজকে কিন্তু ১ তারিখ। এর মধ্যে দুই-তিনদিন হয় গেছে। অলরেভি কিন্তু লোকজন আমরা দেখেছি যে সমস্ত সন্দেহপ্রণ যেমন মোবাইলটা বন্ধ করে দিয়েছেন বা বিভিন্ন জায়গায় যে সমস্ত টেলিপ্রেসের বাসস্থান বা স্থায়ী ঠিকানা ছেড়ে তারা চলে গেছে। তারপরও কিন্তু আমরা ধরতে পেরেছি। বাকি যারা আছে তারাও আমাদের টার্গেট আছে।

**বিবিসি:** আমরা জানি যে তদন্তকাজ যেটা, তদন্ত হয় খুবই গোপনে। আপনারা তথ্য সংগ্রহ করেন গোপনে এবং সেই সংগ্রহীত তথ্যের মাধ্যমে আপনারা অভিযানে যান তাদেরকে ধরার ব্যাপারে। এখন এভাবে আপনাদের কাজ শেষ হওয়ার আগে এরকম প্রেস কনফারেন্সের কি দরকার আছে?

**মি. রাকিবুল:** এরকম প্রেস কনফারেন্সের দরকার আছে কি না সেটা একটা ডিফারেন্ট প্রশ্ন। বাট, কথা হচ্ছে আমরা নাম কিন্তু প্রকাশ করিন।

**বিবিসি:** আর একটা কথা বলা হয় যে, যারা এর সঙ্গে জড়িত তাদেরকে আগেভাগে একটা ইঙ্গিত দেয়ার জন্য যে আমরা তোমাদেরকে জেনে ফেলেছি ধরে ফেলেছি। তো তোমরা এখন সরে যাও। এরকম একটা বার্তা তাদেরকে দেয়ার জন্য মানে এই অভিযোগটা আছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে। যে এখানে একটা দুর্বীল টাকা-পয়সার ব্যাপার থাকে এ জন্যও এটা করা হয়।

**মি. রাকিবুল:** আমি আসলে এই ব্যাপারে কোন কমেন্টস বলার মতো অতটা উচ্চ পর্যায়ের ব্যক্তি হয়তো নই বা যতটুকু দায়িত্ব নিয়ে এটা বলতে পারি যে, বাংলাদেশে এখন আমাদের সরকার এ সমস্ত ব্যাপারে যে পরিমাণ কঠোর। সো এই ধরনের কোন ইনডিকেশন আমাদের ফোর্সের পক্ষ থেকে দেয়াটা ভেরি সেন্সিটিভ। সো এই ধরনের নাড়াচাড়া দিয়ে আপনারা চলে গেলেন সেটা খুব একটা স্বাভাবিক ঘটনা হবে না। সো হোপফুলি আমি আপনাকে এটুকু বলতে পারি আগামী ১৫-২০ দিনের মধ্যে আপনারা এটা ছাড়া আরও অনেক ব্যক্তিকে দেখবেন আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পেরেছি। (বিবিসি: ১৯:৩০ঘ. ০১/০৬/২০২০ রূপাইয়া/নারগীস)

### ১৯ জন বাংলাদেশিকে সীমান্ত পার করিয়ে দেয়ার অভিযোগ করেছেন পশ্চিমবঙ্গ রাজ্যপাল

ভারতে পশ্চিমবঙ্গের রাজ্যপাল জগদীশ ধনকর অভিযোগ করেছেন কোয়ারেন্টাইন সেন্টার থেকে বাসে চাপিয়ে তাবলিগ জামাতের সদস্য বেশ কয়েকজন বাংলাদেশি নাগরিককে সীমান্ত পার করিয়ে দেয়ার চেষ্টা করেছিল ঐ রাজ্য সরকার। দিল্লীতে মার্চের মাঝামাঝি তাবলিগ জামাতের যে সমাবেশকে ঘিরে ভারতে চরম বিতর্ক তৈরি হয়েছিল এই বাংলাদেশিরা সবাই তাতে যোগ দিয়েছিলেন। বিস্তারিত জানাতে দিল্লী থেকে যোগ দিচ্ছেন শুভ জ্যোতি ঘোষ:

শুভ, এই বাংলাদেশি নাগরিকরা কোলকাতার কোয়ারেন্টাইন সেন্টারে গিয়ে পড়েছিলেন কিভাবে?

**মি. ঘোষ:** দিল্লীর নিজাম উদ্দীন মারকাজে এরা যোগ দিতে এসেছিলেন। এরকম আরও অনেকে দেশি-বিদেশির সঙ্গে এবং সেখান থেকে এরা ভারতের নানা প্রান্তে ছড়িয়ে পড়েন। যখন মার্চের শেষে ভারত সরকার ঐ সমাবেশকে একটা অন্যতম করোনাভাইরাস হটস্পট হিসেবে চিহ্নিত করে তখন এদের খোঁজে তল্লাশি অভিযান শুরু হয় সারা ভারত জুড়ে। বিভিন্ন রাজ্যে সরকার যেমন উত্তর প্রদেশে এই বিদেশী নাগরিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের করে পাসপোর্ট আটকাতে কারণ তারা পর্যটক ভিসা নিয়ে ভারতে এসে ধর্মীয় কর্মকাণ্ডে অংশ নিয়েছেন এই কারণে। পশ্চিমবঙ্গেও এই ধরনের কয়েকজন আটক হন এবং এরকমই ২০ জন বাংলাদেশি নাগরিক তাদেরকে একটি হজ কোয়ারেন্টাইন সেন্টারে রাখা হয়েছিল রাজ্যসরকারের তত্ত্বাবধানে।

**বিবিসি:** পশ্চিমবঙ্গের রাজ্যপালের অভিযোগটা ঠিক কী?

মি. ঘোষ: পশ্চিমবঙ্গের রাজ্যপাল ইকনোমিক টাইম একটি পত্রিকাকে সাক্ষাৎকার দিয়ে জানিয়েছেন যে, তিনি খবর পেয়েছেন এই সেন্টার থেকে দিন কয়েক আগে ১৯ জন বাংলাদেশিকে বাসে চাপিয়ে হরিদাশপুর সীমান্ত দিয়ে বাংলাদেশে চুকিয়ে দেয়ার চেষ্টা হয়েছিল কিন্তু শেষ মুহূর্তে ইমিটেশনের লোকরা আবিষ্কার করেন এই বাংলাদেশি নাগরিকদের কেন্দ্রের জারি করা লুক আউট নোটিশ আছে অর্থাৎ তাদের খোঁজা হচ্ছে। সেই কারণে তাদের শেষ মুহূর্তে আটকে দেয়া হয়। পশ্চিমবঙ্গের রাজ্যপাল বলছে, তাদের যে সীমান্ত পার করিয়ে দেয়ার চেষ্টা করা হয়েছিল এটা বেআইনি এবং পশ্চিমবঙ্গ সরকার গুরুতর আইনি লঙ্ঘন ঘটিয়েছে।

বিবিসি: এ ব্যাপারে পশ্চিমবঙ্গের পুলিশ বা প্রশাসনের বক্তব্য কী?

মি. ঘোষ: রাজ্য সরকার বা ক্ষমতাসীন ত্ণমূলের কোন শীর্ষ স্থানীয় নেতা এ ব্যাপারে কোন প্রতিক্রিয়া জানায়নি। তবে পশ্চিমবঙ্গের একজন মন্ত্রীর সাথে আজকে আমার কথা হয়েছে তিনি বলছেন, এই ব্যাপারে তার কিছু জানা নেই। তবে পশ্চিমবঙ্গ সরকার কোয়ারেন্টাইন সেন্টার থেকে যাদের ছাড়তে তাদের সকল নিয়ম-কানুন মেনে ছাড়া হচ্ছে। এই সাথে তিনি বলেছেন, রাজ্যপালের বক্তব্যের জবাব দেয়া হবে এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

(বিবিসি: ১৯:৩০ঘ. ০১/০৬/২০২০ সাইফুর/নারগীস)

### কন্ট্রাক্ট ট্রেসিংয়ে সাধারণ জনগণের অসহযোগিতা

কন্ট্রাক্ট ট্রেসিং বা রোগী কাদের সংস্পর্শে এসেছিল তা চিহ্নিত করা করোনাভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে রাখার একটি অন্যতম উপায়। এ পদ্ধতিতে আক্রান্ত ব্যক্তিদের কাছ থেকে তথ্য নিয়ে তার সংস্পর্শে আসা ব্যক্তিদের চিহ্নিত করে তাদেরকে আইসোলেশন বা কোয়ারেন্টাইন রাখা হয়। কিন্তু বাংলাদেশে কর্মকর্তারা বলছেন, রোগীদের অসহযোগিতার কারণে এ কাজটি করা জটিল হয়ে পড়েছে। ঢাকায় আমাদের সংবাদদাতা রাকিব হাসনাতকে জিজেস করেছিলাম এ কন্ট্রাক্ট ট্রেসিংয়ের কাজ কর্তৃ চলছে।

মি. রাকিব: কর্মকর্তারা বলছেন, করোনার সংক্রমণ শুরুর পর বিশেষ করে টোলারবাগ, বাসাৰো, শিবচর উপজেলায় লকডাউনের পর তারা এ করোনা পজিটিভ রোগীদের কাছ থেকে তথ্য নিয়ে কন্ট্রাক্ট ট্রেসিংয়ের কাজটা করতে পেরেছিলেন। এগ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত এমনও পাওয়া গিয়েছে যে একজন রোগীর কাছ থেকে তথ্য নিয়ে তারা ৬০-৭০ ব্যক্তিকে চিহ্নিত করে কোয়ারেন্টাইন বা আইসোলেশনে আনতে পেরেছিলেন। পরবর্তীকালে তাতে তাদের ভাষায় কিছুটা ঝামেলা তৈরি হয় অর্থাৎ সেটি তারা অব্যাহত রাখতে পারেননি। কর্মকর্তারা বলছেন, যদিও এখন আরও অনেক বেশি লোক নিয়োগ দেয়া হয়েছে। তারা চেষ্টা করছেন যেন ব্যাপকভাবে করা যায়।

বিবিসি: এটা কিভাবে করা হচ্ছে?

মি. রাকিব: যখন কোন ব্যক্তি তার নমুনা দিচ্ছেন সেখানে তার ফোন নাম্বার দিতে হয়। পজিটিভ হলে পর ঐ রোগীর কাছ থেকে সে ফোন নাম্বার ধরে তারা জানতে চান যে তিনি কাদের সংস্পর্শে ছিলেন বা অসুস্থতাবোধ করার পর থেকে তিনি কোন্ কোন্ জায়গায় গিয়েছেন? সেটি তারা চিহ্নিত করার চেষ্টা করেন। শুরুতে বিদেশ ফেরতদের ফোন নাম্বার বিমানবন্দরে রাখা হয়েছিল। পরে তাদের মধ্যে যারা করোনা পজিটিভ হয়েছে তখন সে ফোন নাম্বারের সূত্র ধরেও কন্ট্রাক্ট ট্রেসিংয়ের চেষ্টা করা হয়েছে।

বিবিসি: বলা হচ্ছে লোকজনের কাছ থেকে এখন আর সহযোগিতা পাওয়া যাচ্ছে না। ফলে বাংলাদেশে কন্ট্রাক্ট ট্রেসিংয়ে অসুবিধা হচ্ছে। কী ধরনের অসহযোগিতা করছেন লোকেরা?

মি. রাকিব: কর্মকর্তারা বলছেন প্রথম দিকে সহজ ছিল তাদের জন্য কারণ তারা সহযোগিতাই পাচ্ছিলেন রোগীদের কাছ থেকে। কিন্তু পরবর্তীকালে যখন লকডাউন ও তারপরে বাড়িয়ির চিহ্নিত করার একটি প্রবণতা দেখা দেয় অর্থাৎ সামাজিক হেনস্থার প্রবণতা তৈরি হচ্ছিল, বাড়িয়িরে লাল পতাকা ঝুলিয়ে দেয়া হচ্ছিলো তখন থেকেই করোনা পজিটিভ হলে অনেক ফোন বন্ধ করে রেখেছেন। অথবা আইইডিসিআর বা স্বাস্থ্য বিভাগের পরিচয় দেয়ার পর তারা কথা বলছিলেন না। অনেকে অসত্য তথ্য দিচ্ছিলেন যে তিনি কোথাও যাননি বা কারও সাথে কথা বলেননি। তবে এমনও তথ্য পাওয়া গিয়েছে যে, যিনি একথা বলেছেন তিনি তার আগের দিনই গ্রামের বাজারে অবস্থান করছিলেন।

(বিবিসি: ২২:৩০ঘ. ০১/০৬/২০২০ রিহাব/নারগীস)

### বিবিসি ফোনইন: প্রসঙ্গ করোনাভাইরাস

বিবিসি বাংলার আজকের ফোনইনে করোনাভাইরাস নিয়ে শ্রেতাদের প্রশ্নের জবাব দেবেন বাংলাদেশ সরকারের রোগতন্ত্র, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনসিটিউটের উপদেষ্টা ডা. মোশতাক হোসেন।

প্রথমে বাগেরহাট থেকে বানী দেবনাথ:-

**মিস বানী:** আমার প্রশ্ন হলো করোনাভাইরাসের বাহক কোন ব্যক্তি যদি গরু-বাচ্চুরের গায়ে হাত দেয়, তাহলে কি গরু-বাচ্চুর আক্রান্ত হতে পারে? আর বাসে যাতায়াতের সময় করোনাভাইরাসের বাহক যে সিটে বসে পরবর্তী সময়ে ঐ সিটে যদি কোন সুস্থ ব্যক্তি বসে, তাহলে কি সে আক্রান্ত হতে পারে?

**ডা. মোশতাক:** প্রথম কথা হচ্ছে গরু-বাচ্চুরের মাধ্যমে রোগটা ছড়ায় না। বাসের সিটে আপনি বসলেন সেখানে মানুষ নিশ্চয়ই তার হ্যান্ডেলটা ধরতে পারে আর যেখানে মানুষের স্পর্শ লাগতে পারে সেই জায়গাটি মুছে নেয়া উচিত। মানুষের হাতের স্পর্শ যেখানে লাগবে, সেই জায়গা মুছে বসা উচিত সেখান থেকে একজন মানুষ আক্রান্ত হতে পারে। এবারে ঢাকা থেকে আফরোজা খান সোনিয়া:-

**মিস সোনিয়া:** আমার বাসায় তিনজন কাঁশির রোগী আছে। তাদেরকে বাইরে থেকে ঔষধ কিনে খাওয়াচ্ছি, ভিটামিন সি জাতীয় খাবার খাওয়াচ্ছি। কোন পরীক্ষা করাচ্ছি না এবং বাইরে যাচ্ছি না। বাসায় বসে কি এরকম চিকিৎসা করলে হবে? না কি পরীক্ষা করা বা ডাঙ্গার দেখানো উচিত?

**ডা. মোশতাক:** হ্যাঁ, আপনার প্রশ্নের উভয় হলো সবাইকে টেস্ট করা সম্ভব হচ্ছে না বা যাচ্ছে না। যদি জ্বরের লক্ষণ নিয়ে কেউ বাসায় থাকে, তাকে আইসোলেশনে থাকতে হবে। পরিবারের সদস্যদের কাছ থেকে দূরে থাকতে হবে, না হলে তারা বিছানার চারপাশে এক হাত, দুই হাত দূরত্ব রাখতে হবে। জ্বরের যে ঔষধ সেগুলো সে খাবে বা কাশি হলে কাঁশির ঔষধ খাবে। ভিটামিন সি সরাসরি ঔষধ নয়। রোগীকে ভাল রাখার জন্য ভিটামিন সি জাতীয় খাবার খেতে পারেন। আরা যদি শ্বাস কষ্ট হয়, তাহলে অবশ্যই চিকিৎসকের পরামর্শে তাকে চিকিৎসা করাতে হবে।

এবারে ঢাকা থেকে সোনিয়া আঙ্গার:-

**মিন সোনিয়া:** আমাদের শিশুরা যারা আছে তাদের যদি করোনা হয়, তাহলে তাদের সেবার জন্য তাদেরকে সুস্থ করার জন্য আমরা কী কী পদক্ষেপ নিতে পারি?

**ডা. মোশতাক:** শিশুদের যদি পজিটিভ হয় সাধারণত দেখা যায় বাবা বা মায়ের মাধ্যমে পজিটিভ হয়েছে, সেক্ষেত্রে দু'জনই একসাথে থাকতে পারেন। সেক্ষেত্রে যদি দু'জন একসাথে থাকেন শিশুকে মাঝে পড়ার দরকার নেই। আর শিশুর যদি জ্বর থাকে সেই জ্বরের চিকিৎসা দিতে হবে। আর চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ঔষধ দিতে হবে।

এবারে বরিশাল থেকে হাজেরা ইসলাম:-

**মিস হাজেরা:** আমি না জেনে করোনায় আক্রান্ত রোগীর সংস্পর্শে গেছিলাম। পরে জানতে পারলাম যে তার করোনা হয়েছে। তো এখন আমার করোনা থেকে বাঁচার উপায় কী?

**ডা. মোশতাক:** দেখুন, একজন করোনা রোগীর সংস্পর্শে আসেন। আপনি হিসাব করবেন যে তার যে লক্ষণ দেখা গেছে তার দু'দিন আগে এবং ১৪ দিন এই ১৬ দিনের মধ্যে আপনি তার এক মিটারের মধ্যে এসে ১৫ মিনিটের বেশি তার সঙ্গে ছিলেন কি না বা একদম মুখোযুখি কথা বলেছেন কি না। তাহলে আপনি সেই রোগীর কন্টাক্ট হিসেবে বিবেচিত হবেন এবং আপনাকে অবশ্যই কোয়ারেন্টাইন করতে হবে। ১৪ দিন ঘরের বাইরে যাবেন না। লক্ষণ দেখা দিলে করোনা রোগীর যে চিকিৎসা সেই অনুযায়ী চিকিৎসা নেবেন।

(বিবিসি: ২২:৩০ঘ. ০১/০৬/২০২০ রংবাইয়া/নারগীস)

## ভয়েস অফ আমেরিকা

### যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পিপিই, মাইক পম্পেও'র প্রশংসা

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের ব্যক্তিগত সুরক্ষা বা পিপিই রঞ্জানির খবরে ইতিবাচক প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন মার্কিন পরাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী:

পাশাপাশি দুই দেশের মধ্যকার সম্পর্কের ক্রমবর্ধমান উন্নতিতে দেশটির অত্যন্ত প্রভাবশালী সংস্থা জাতীয় নিরাপত্তা পরিষদ ও পরাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্য ও দক্ষিণ এশিয়া বিষয়ক বৃত্তান্তে প্রশংসা করেছে। যুক্তরাষ্ট্রের বাজারে বেক্সিমকোর পিপিই রঞ্জানি সম্পর্কে পম্পেও বলেন, এটি একটি তাৎপর্যপূর্ণ মাইলফলক। এ ধরনের আন্তর্জাতিক অংশীদারিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রথম বাংলাদেশি কোম্পানি হিসেবে বেক্সিমকো সম্পত্তি যুক্তরাষ্ট্রে ৬৫ লাখ পিপিই'র প্রথম চালান রঞ্জানি করে। ঢাকাস্ট মার্কিন রাষ্ট্রদূত এই টুইট বার্তায় বলেন, বাংলাদেশকে বিশ্বমানের বৃহৎ আকারের পিপিই উৎপাদনকারী দেশগুলোর কাতারে স্বাগত জানাতে পেরে আনন্দিত। বেক্সিমকো ও হ্যানস-এর মধ্যকার অংশীদারিত্ব হলো কোভিড-১৯-কে পরাজিত করতে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের যৌথ প্রচেষ্টার সেরা প্রতিফলন।

রি-টুইট করে পররাষ্ট্রমন্ত্রী পম্পেও লিখেছেন, আমি এই তাৎপর্যপূর্ণ মাইলফলকের জন্য রাষ্ট্রদূত মিলারের সঙ্গে একমত হয়ে বাংলাদেশকে অভিনন্দন জানাতে চাই। বিশ্বজুড়ে করোনা মোকাবেলায় সম্মুখ সারিতে থাকা সাহায্যকর্মীদের এখন পিপিই প্রয়োজন। এসব পিপিই যোগানে কোম্পানিগুলো এখন নজর দিচ্ছে। ফলে এ ধরনের আন্তর্জাতিক অংশীদারিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। (তোয়া: ২২:০০ঘ. ০১/০৬/২০২০ ফারুক/নারগীস)

### **অভিবাসী বাংলাদেশি কর্মীরা নিরামণ দুর্দশা এবং অসহায় অবস্থার মধ্যে রয়েছেন**

করোনা সংক্রমণের মহামারীর কারণে দেশে ফিরে আসা হাজার হাজার অভিবাসী বাংলাদেশি কর্মীরা নিরামণ দুর্দশা এবং অসহায় অবস্থার মধ্যে রয়েছেন বলে জাতিসংঘের শ্রম সংস্থা আইএলও, বাংলাদেশের আন্তর্জাতিক এনজিও ব্র্যাক এবং অভিবাসন নিয়ে কর্মরত সক্রিয়বাদী সংস্থা রামরংসহ বিভিন্ন পক্ষ থেকে বলা হচ্ছে। ঢাকা থেকে আমির খসরঃ:

এছাড়া করোনা মহামারীর আগে দেশে ছুটিতে আসা দুই লাখের বেশি বাংলাদেশি অভিবাসী তাদের কর্মস্থলে ফিরতে পারছেন না। তাদের চাকরি আছে কিংবা নেই তাও তারা জানতে পারছেন না। আন্তর্জাতিক শ্রমসংস্থা আইএলও দেশে ফিরে আসা বাংলাদেশি অভিবাসীদের আর্থিক সুরক্ষায় সরকারের উদ্যোগের আহ্বান জানিয়েছে।

সম্প্রতি ব্র্যাক পরিচালিত এক জরিপে দেখা গেছে, করোনার কারণে দেশে ফিরে আসা অভিবাসীদের ৮৭ শতাংশের কোন আয়ের উৎস নেই। ৫২ শতাংশ বলেছেন, এখনই তাদের জরুরী ভিত্তিতে আর্থিক সহায়তা প্রয়োজন। আর জরিপ অনুযায়ী ৯১ শতাংশে বলেছেন, দেশে ফিরে তা সরাকরি বা বেসরকারি কোন সাহায্য-সহায়তা পাননি। এ সম্পর্কে বিশ্লেষণ করেছেন ব্র্যাকের অভিবাসন কর্মসূচির প্রধান শরিফুল হাসান।

রামরংসহ অভিবাসন নিয়ে কর্মরত সক্রিয়বাদী সংগঠনগুলো বলছে, সরকার করোনার কারণে রামরংসহ অভিবাসন নিয়ে কর্মরত সক্রিয়বাদী সংগঠনগুলো বলছে, সরকার করোনার কারণে দেশে ফেরত অভিবাসীদের জন্য যে আর্থিক প্রগোদ্ধন দিয়েছে বলে বলা হচ্ছে, তা আসলে ৪ শতাংশ সুন্দে আর্থিক ঝুঁক। কিন্তু বর্তমানে চলার মতো কোন আর্থিক সহায়তা দেয়া হয়নি। এসব সংগঠনগুলো জরুরী ভিত্তিতে দেশে ফেরত আসা অভিবাসীদের ন্য আর্থিক সহায়তা প্রদানের দাবি জানিয়েছে। (তোয়া: ২২:০০ঘ. ০১/০৬/২০২০ ফারুক/নারগীস)

### **ঢাকায় লাল লকডাউনের বিকল্প নেই**

করোনার সংক্রমণ ঠেকাতে সরকারের পরিকল্পনা নিয়ে চলা রাজনৈতিক বিতর্কের মধ্যে বিশেষজ্ঞরাও যোগ দিয়েছেন। তারা বলছেন, এতে করে সংক্রমণ আরও বাঢ়বে। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী:

বিশ্ব স্বাস্থ্য সংস্থায় কাজ করেছেন এমন একজন বিশেষজ্ঞ বলেছেন, সবকিছু খুলে দেয়ার সিদ্ধান্ত হঠকারী। বিশেষ করে রাজধানী ঢাকা যেখানে হটস্পট সেখানে ঢাকায় সবকিছু ওপেন করাটা দেশের জন্য মন্তব্ধ বিপদ ডেকে আনবে। ঢাকার চেহারা বদলে গেছে। ফিরে গেছে ৬৬ দিন আগের চেহারায়। গাড়ি-ঘোড়া, যানবাহনে ঠাঁসা। বাসে ওঠার জন্য মারামারি হচ্ছে। লঘু গাদাগাদি অবস্থা। ট্রেন চলছে আপন গতিতে। অভ্যন্তরীণ রুটে বিমানও উড়ছে।

একইসঙ্গে পাল্লা দিয়ে করোনার সংক্রমণ বাঢ়ছে। স্বাস্থ্যবিধি উপোক্ষিত। কোথাও এর কোন বালাই নেই। বিরোধীরা আগেভাগেই নয়া বিপদের আশঙ্কা করেছিলেন। সরকার বলছে এর বিকল্প নেই। দীর্ঘদিন মানুষজনকে ঘরে আটকে রাখা যাবে না। অর্থনীতি একদমই ভেঙে পড়বে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সাবেক উপদেষ্টা ড. মোজাহেরুল হক এই সংবাদদাতাকে বলেন, কালবিলম্ব না করে ঢাকাকে সম্পূর্ণ লকডাউন করতে হবে।

ড. মোজাহেরুল হক বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনেক আগেই বাংলাদেশকে করোনা মোকাবেলায় খারাপ দেশগুলোর পাশাপাশি দাঁড় করিয়েছিল। সময় যত যাচ্ছে নিয়ন্ত্রণহীন হয়ে যাচ্ছে সবকিছু। যেমন পোনা মাছ পুরুরে ছেড়ে দেয়ার পর এগুলো আর ধরা যায় না। এখন সারাদেশে করোনাভাইরাস ছড়িয়ে দেয়ার পর ধরবেন কিভাবে?

এদিকে, গত ২৪ ঘণ্টায় ২,৩৮১ জনের করোনা শনাক্ত হয়েছে। এই সময়ে মারা গেছেন ২২ জন। সিলেট বিভাগে করোনায় আক্রান্তের সংখ্যা এক হাজার ছাড়ালো। ফেনীতে আরও ৫ জনের করোনা শনাক্ত হয়েছে। নেত্রকোণায় ৮ ব্যাংক কর্মকর্তাসহ ২০ জনের করোনা শনাক্ত। গত ২৪ ঘণ্টায় মৌলভীবাজারে ১০০ জন শনাক্ত হয়েছিল। সিলেটের আইসোলেশন ওয়ার্ডে ২ জনের মৃত্যু হয়েছে। ময়মনসিংহ জেলায় করোনা শনাক্তের সংখ্যা ৫০০ ছাড়িয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বলা হয়েছে, সচিবালয়ে একসঙ্গে সর্বোচ্চ ২৫ শতাংশ কর্মী কাজ করতে পারবেন।

(তোয়া: ২২:০০ঘ. ০১/০৬/২০২০ ফারুক/নারগীস)

## রেডিও তেহরান

সমগ্র দেশকে করোনাভাইরাসের সংক্রমণ অনুযায়ী রেড, গ্রিন ও ইয়েলো জোনে ভাগ করা হবে  
করোনা সংক্রমণ ও মৃত্যুহার অনুযায়ী সারাদেশকে রেড, গ্রিন ও ইয়েলো জোনে ভাগ করা হবে বলে জানিয়েছেন  
বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। আজ করোনাভাইরাস প্রতিরোধ বিষয়ে করণীয় সংক্রান্ত সমন্বয় সভা শেষে  
সাংবাদিকদের তিনি এ কথা জানান। এ সম্পর্কে আরও জানাচ্ছেন ঢাকা থেকে আব্দুর রহমান খান:

করোনা সংক্রমণ ও মৃত্যুহার অনুযায়ী সারাদেশকে রেড, গ্রিন ও ইয়েলো জোনে ভাগ করা হবে বলে জানিয়েছেন  
বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। সোমবার করোনাভাইরাস প্রতিরোধ বিষয়ে করণীয় সংক্রান্ত সমন্বয় সভা শেষে  
সাংবাদিকদের তিনি এ কথা জানান:

(স্বকঠে): ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে সবচেয়ে বেশি সংক্রমিত হয়েছে। যদি কোন জোন রেড হয়  
সেগুলোকে প্রথমে রেড করা হবে। বাংলাদেশের অধিকাংশ জেলা ও উপজেলা এখনও ভালো আছে। আমরা সেটা  
ভালো রাখতে চাই।

ওদিকে সোমবার দুপুরে করোনাভাইরাসের সর্বশেষ তথ্য নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন ব্রিফিংয়ে  
অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা নাগরিকদের ব্যক্তিগত শারীরিক ও মানসিক স্বাস্থ্য  
সুস্থ রাখার জন্যও কিছু পরামর্শ দেন:

(স্বকঠে): যারা আক্রান্ত হয়েছেন কিংবা আক্রান্ত হননি সবাই মনোবল উজ্জীবিত রাখবেন। মানসিক স্বাস্থ্যের যত্ন  
নেবেন। হালকা ব্যায়াম করবেন।

এ সময় তিনি জানান, দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে ২ হাজার ৩৮১ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে।  
এছাড়া গত ২৪ ঘণ্টায় মারা গেছেন ২২ জন। এ নিয়ে এ যাবত মোট মৃত্যু হলো ৬৭২ জনের।

(রেডিও তেহরান: ২০:৩৫ঘ. ০১/০৬/২০২০ সোনিয়া/নারগীস)

### পরিস্থিতি খারাপ হলে কঠিন সিদ্ধান্ত: কাদের; মালিকদের স্বার্থে ভাড়া বৃদ্ধি: ফখরুল

বাংলাদেশে করোনাভাইরাসে মৃত্যু ও আক্রান্তের সংখ্যা যখন বাড়ছে, তখন গণপরিবহনসহ সব কিছু খুলে দেয়ায়  
সমালোচনা হচ্ছে বিভিন্ন মহলে। এ সম্পর্কে সেতুমন্ত্রী বলেছেন, পরিস্থিতি খারাপ হলে কঠিন সিদ্ধান্ত নেয়া হবে।  
অন্যদিকে, বিএনপি সরকারের ঐ সিদ্ধান্তের প্রতিক্রিয়া জানিয়েছে। এ সম্পর্কে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে  
আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বাংলাদেশের ক্ষমতাসীন দল আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের  
বলেছেন, সাধারণ ছুটি তুলে নেয়ার ফলে করোনা পরিস্থিতি খারাপ হলে সরকারকে আবারও কঠিন সিদ্ধান্ত নিতে হতে  
পারে। সোমবার সকালে সেতু বিভাগের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্সে মন্ত্রী বলেন:

(স্বকঠে): আমাদের অসচেতনতা এবং স্বাস্থ্যবিধি না মানায় পরিস্থিতির যদি অবনতি হয়, তাহলে আবারও কঠিন  
সিদ্ধান্ত নিতে হতে পারে। বিএনপি এর মধ্যে খুঁজে বেড়াচ্ছে সমন্বয়হীনতা। নিজেরা অসহায় মানুষের পাশে দাঁড়াতে  
ব্যর্থ হয়ে নির্লজ্জভাবে ব্যর্থ হয়ে দায়িত্বহীন বক্তব্য দিচ্ছে।

এদিকে, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণপরিবহনে ভাড়া বাড়নো হয়েছে পরিবহন  
মালিকদের স্বার্থে। সোমবার সকালে রাজধানীর গুলশামে বিএনপি চেয়ারপার্সনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে  
মির্জা ফখরুল বলেন:

(স্বকঠে): আসলে বাসে ওঠে সাধারণ মানুষ। তাদের ভাড়া বাড়নো হয়েছে। কাদের স্বার্থে বাড়নো হয়েছে।  
মালিকদের স্বার্থে বাড়নো হয়েছে। মালিকদের আবার প্রগোদ্ধনাও দিচ্ছে। লক ডাউনটা খুব গুরুত্বপূর্ণ। লকডাউন আর  
সাধারণ ছুটি তো এক না। এখন সরকারের অবস্থা হচ্ছে যে, তারা কানে তুলা দিয়েছে। কানে দিয়েছি তুলা, যা খুশি  
বলো, আমাদের কিছু যায় আসে না। আমরা তো ক্ষমতায় আছি।

এদিকে, মহামারি করোনাভাইরাসের কারণে টানা ২ মাসের বেশি সময় বন্ধ থাকার পর সড়ক পরিবহন ব্যবস্থা আজ  
থেকে পুনরায় চালু করা হয়েছে। একই সাথে চালু হয়েছে আকাশ পথে দেশের ৩টি অভ্যন্তরীণ রুটে বিমান চলাচল।  
এর আগে গতকাল থেকেই চালু হয়েছে রেল ও নৌপথে লঞ্চ চলাচল।

আজ সকাল থেকেই মোটামুটি স্বাস্থ্যবিধি মেনে অর্ধেক আসন খালি রেখে এবং ৬০ শতাংশ বাড়তি ভাড়া নিয়েই  
রাজধানীতে চলাচল শুরু করেছে বাস-মিনিবাস। একই সঙ্গে রাজধানী থেকে বিভিন্ন গন্তব্যে ছেড়ে যাচ্ছে দূরপান্ত্রার  
বাসও। তবে বাড়তি ভাড়া দিতে গিয়ে ক্ষুঁক হচ্ছেন যাত্রী সাধারণ।

এদিকে, গণপরিবহনে ৬০ শতাংশ ভাড়া বৃদ্ধি করে জারি করা প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে আজ সুপ্রিম কোর্টের একজন আইনজীবী হাইকোর্টে একটি রিট আবেদন করেছেন। একই দিনে প্রজ্ঞাপনটি স্থগিত চেয়ে সরকারকে আইনি নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আরেকজন আইনজীবী। (রেডিও তেহরান: ২০:৩৫ঘ. ০১/০৬/২০২০ সোনিয়া/নারগীস)

### **বাংলাদেশে সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিম করোনাভাইরাসে আক্রান্ত, হাসপাতালে ভর্তি**

বাংলাদেশের সাবেক স্বাস্থ্যমন্ত্রী আওয়ামী লীগ নেতা মোহাম্মদ নাসিম করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সোমবার বিকেলে নমুনা পরীক্ষায় তার শরীরে করোনাভাইরাসের উপস্থিতি শনাক্ত হয়েছে। মোহাম্মদ নাসিমের ছেলে সাবেক সংসদ সদস্য তানভীর শাকিল জয় বিষয়টি নির্ণিত করে বলেন:

(স্বকষ্টে): ৪ দিন আগে আবার করোনাভাইরাস পরীক্ষার ফল নেগেটিভ এসেছিল। তবে শারীরিক দুর্বলতা থাকায় আমরা আজকে তাকে রাজধানী শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে ভর্তি করিয়েছি। সেখানেই করোনাভাইরাস পরীক্ষার জন্য তার নমুনা সংগ্রহ করা হয়। রাতে ঐ পরীক্ষার ফল ‘পজিটিভ’ এসেছে।

আওয়ামী লীগের সভাপতিমঙ্গলীর সদস্য নাসিমকে মঙ্গলবার সকালে সম্মিলিত সামরিক হাসপাতালে নেয়া হবে বলে দলটির দণ্ডের সম্পাদক বিপ্লব বড়ুয়া জানিয়েছেন।

এদিকে, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মাইদুল ইসলাম প্রধান করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তবে তার শরীরের উপসর্গগুলো মৃদু হওয়ায় এখনও বাসাতেই চিকিৎসা নিচ্ছেন।

(রেডিও তেহরান: ২০:৩৫ঘ. ০১/০৬/২০২০ সোনিয়া/নারগীস)

### **এনএইচকে জাপান**

#### **দক্ষিণ-পূর্ব এবং দক্ষিণ এশীয় দেশগুলো লকডাউন শিথিল করছে**

দক্ষিণ-পূর্ব এবং দক্ষিণ এশীয় দেশগুলো করোনাভাইরাসের বৈশিক মহামারী রোধে আরোপ করা বিধি-নিষেধ শিথিল করছে। কিছু কিছু দেশ সংক্রমণ বেড়ে চলা সত্ত্বেও অর্থনৈতিক কর্মকাণ্ড আবার শুরু করছে। ভারত সোমবার থেকে গৃহে অবস্থানের নির্দেশ শিথিল করছে যেটি মার্চ মাসের শেষ নাগাদ থেকে জারি রয়েছে। খুচরা বিক্রি এবং উৎপাদনশীল খাতের উপর থেকেও বিধি-নিষেধ তুলে নেবে। বৈশিক মহামারী সামাল দিতে বিভিন্ন পদক্ষেপ হাতে নেয়ার কারণে ব্যাপক বেকারত্ব দেখা দেয় এবং দেশের অর্থনীতি মারাত্মকভাবে প্রভাবিত হওয়ার পরে ভারতের সরকার আরও ব্যবসায়িক কর্মকাণ্ড আবার শুরু করার উপর জোর দেবে। তবে করোনাভাইরাসের সংক্রমণ এখনও ভারতে কমেনি, প্রতিদিন নতুন সংক্রমণের সংখ্যা ৮ হাজার ছাড়িয়ে যাচ্ছে। ভারত সরকার উচ্চ সংক্রমণের সংখ্যা থাকা এলাকায় গৃহে অবস্থানের নির্দেশ জারি রাখবে এবং পাতাল রেল পরিচালনা আবার শুরু করবে না।

ফিলিপাইন, রাজধানী ম্যানিলা ও এর আশপাশের এলাকার কঠোর ভ্রমণ বিধি-নিষেধ শিথিল করছে এবং গণপরিবহন ব্যবস্থা আবার চালু করবে। তবে ফিলিপাইনে লকডাউনের পরে আড়াইমাস পেরিয়ে যাওয়ার পরেও এখনও সংক্রমণের সংখ্যা বেড়ে চলা বন্ধ হয়নি। সরকার সর্তর্কতার সাথে অর্থনৈতিক কর্মকাণ্ড আবার শুরু করার গতি ত্বরান্বিত করার উপায় খুঁজে দেখছে। তারা গণপরিবহন ব্যবস্থা ব্যবহার করা যাত্রীদের সংখ্যা পূর্ণ আসন্নের অর্ধেক বা তার চেয়ে কম করা অব্যাহত রাখবে এবং বাইরে বের হওয়ার ক্ষেত্রে বয়সসীমা আরোপ করবে।

(এনএইচকে: ২১:০০ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **ডয়েচে ডেলে জার্মানি**

#### **ভাত পাই না মাস্ক কিনবো কী দিয়ে?**

সরকার সাধারণ ছুটি তুলে দিয়ে এখন মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করেছে। ঘরের বাইরে মাস্ক ব্যবহার না করলে সর্বোচ্চ ৬ মাসের জেল এবং ১ লাখ টাকা জরিমানার বিধান করা হয়েছে। প্রশ্ন উঠেছে এর প্রয়োগের সম্ভাবনা নিয়ে। মাস্ক পরার আদেশ দেয়া হলেও সাধারণ মানুষ কোন ধরনের মাস্ক ব্যবহার করবেন তার কোন নির্দেশনা দেয়া হয়নি। আর মাস্কের দামের ব্যাপারেও নেই কোন নীতিমালা।

বাজারে সাধারণ সার্জিক্যাল মাস্ক এখন প্রতিটি ১৫-২০ টাকা দামে বিক্রি হয়। আর এগুলো একবারই ব্যবহার করা যায়। ৫ সদস্যের একটি পরিবার বাইরে বের হলে এখন তাই দিনে ৭৫ থেকে ১০০ টাকা মাস্কের পেছনে ব্যয় করতে হবে। কয়টি পরিবারের পক্ষে তা সম্ভব? সোমবার ঢাকার শাহবাগ এলাকায় দেখা গেছে, যারা বাইরে বের হচ্ছেন তাদের একটি অংশ মাস্ক ব্যবহার করছেন না। যারা ব্যবহার করছেন, তাদের অনেকেই আবার অননুমোদিত কাপড়ের মাস্ক পরছেন। কারও কারও কাপড়ের মাস্ক আবার বেশ পুরনো। কেউ আবার মাস্ক পকেটে নিয়ে ঘুরে বেড়াচ্ছেন।

রিকশাচালক মোসলেম উদ্দিন মাস্কই ব্যবহার করছেন না। তার কথা, ‘এখন পেটের ভাত জোগাড় করাই কষ্টের, মাস্ক কিনবো কী দিয়ে?’ তিনি অবশ্য মনে করেন, মাস্ক পরার দরকার আছে। আর জেল জরিমানার খবরও তিনি শুনেছেন। তবে তার একটাই কথা, ‘আল্লায় যা করে।’

বাংলাদেশে ২৬ মার্চ থেকে লকডাউন শুরু হওয়ার পর একটি সার্জিক্যাল মাস্কের দাম ১২০ থেকে ১৫০ টাকা হয়েছিল। ভোক্তা অধিদপ্তরের অভিযানের পর তা কমে আসে। এখন প্রতিটি সার্জিক্যাল মাস্কের দাম ১৫-২০ টাকায় নেমে এসেছে বলে জানান রমনা ফার্মেসির মালিক এজাজ উদ্দিন। তিনি বলেন, ‘স্থানীয়ভাবেও এখন মাস্ক তৈরি হচ্ছে। অনেকেই চীন থেকে মেশিন এনে মাস্ক তৈরি করে বাজারে ছাড়ছেন। তবে সব মাস্ক মানসম্মত নয়। আর এ নিয়ে কোন নীতিমালাও নেই।’ তিনি আরও বলেন, ভালো মানের এক জোড়া হ্যান্ডগ্লাভসের দাম ২২-২৫ টাকা। আর এন-৯৫ মাস্কের দাম ৮০০ টাকা। (ডয়েচে ভেলে: ০৮:০০ঘ. ০২/০৬/২০২০ সোনিয়া/নারগীস)

## রেডিও এবিসি

### ঢাকা বিশ্ববিদ্যালয় পরিচালিত ল্যাবটি বন্ধ হয়ে গেছে

করোনাভাইরাসের সংক্রমণ শনাক্তে গত মাসের প্রথম সপ্তাহ থেকে একটি ল্যাব পরিচালনা করছিল ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এডভাস রিসার্চ ইন সায়েন্সেস স্থাপিত এই ল্যাবটির কার্যক্রম সোমবার থেকে বন্ধ হয়ে গেছে। ল্যাবের কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, সরকার তথা স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে কোন সহযোগিতা না পাওয়ায় ল্যাব বন্ধ হওয়ার মূল কারণ। তবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলছেন, আগে নেয়া একটি সিদ্ধান্তের আলোকে ল্যাব বন্ধ, অন্য কোন কারণ নয়। (রেডিও এবিসি: ১৫.০০ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### বাস ভাড়া বৃদ্ধির সমালোচনা মির্জা ফখরুলগের

বাস ভাড়া ৬০ শতাংশ বাড়নোর সিদ্ধান্তের সমালোচনা করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলছেন, বাস মালিকদের স্বার্থেই এটা করা হয়েছে। সোমবার রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে একথা বলেন মির্জা ফখরুল।

(রেডিও এবিসি: ১৫.০০ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### আড়াই মাস পর চালু হলো অভ্যন্তরীণ ফ্লাইট

দীর্ঘ প্রায় আড়াই মাস পর আজ সোমবার থেকে চালু হয়েছে দেশে অভ্যন্তরীণ ফ্লাইট। সকাল ৭টায় হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৈয়দপুরের উদ্দেশ্যে নভো এয়ার এর ফ্লাইট রওয়ানা হয়। এই ফ্লাইটে যাত্রী সংখ্যা ছিল ৪০ জন। একই সময় ইউএস বাংলা এয়ারলাইসের একটি ফ্লাইট ৫১ জন যাত্রী নিয়ে চট্টগ্রামের উদ্দেশ্যে রওয়ানা হয়। (রেডিও এবিসি: ১৫.০০ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### বগুড়ায় জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে এক অন্তঃসন্ত্বার মৃত্যু

বগুড়ার মোহাম্মদ আলী হাসপাতালে আইসোলেশনে জ্বর শ্বাসকষ্ট নিয়ে ১৯ বছরের এক অন্তঃসন্ত্বা মারা গেছেন। সাত মাসের অন্তঃসন্ত্বা এই নারী রবিবার রাত সাড়ে ১০টার দিকে মোহাম্মদ আলী হাসপাতালে মারা যান।

(রেডিও এবিসি: ১৫.০০ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### দেশের দুই শেয়ার বাজারেই সূচক কমেছে

একদিন পরেই সূচক কমেছে দেশের দুই শেয়ার বাজারে। আজ সোমবার সপ্তাহের দ্বিতীয় কার্যদিবসে লেনদেন শেষে দেশের প্রধান শেয়ার বাজার ডিএসইতে সূচক কমেছে ৬০ পয়েন্ট আর অপর শেয়ার বাজার সিএসইতে সার্বিক সূচক কমেছে ১২৮ পয়েন্ট। (রেডিও এবিসি: ১৮.০০ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

### সচিবালয়ে একসাথে সবাই কাজ করতে পারবে না

বিদ্যমান পরিস্থিতিতে আপাতত সচিবালয়ের প্রতিটি মন্ত্রণালয় এবং বিভাগে একসঙ্গে সর্বোচ্চ ২৫ শতাংশ কর্মকর্তা-কর্মচারী নিয়ে অফিসের কাজ চালাবে। একই সময়ে আরও ২৫ শতাংশ কর্মকর্তা-কর্মচারী অনলাইনে কাজে যুক্ত হবেন। এভাবে পালাক্রমে অফিসের কাজ চলবে। (রেডিও এবিসি: ১৮.০০ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

## রেডিও টুডে

### লিবিয়াতে ২৬ বাংলাদেশিকে হত্যার ঘটনায় পাচারকারী চক্রের অন্যতম হোতা গ্রেফতার

লিবিয়াতে ২৬ বাংলাদেশিকে হত্যার ঘটনায় পাচারকারী চক্রের অন্যতম হোতা কামাল হোসেন ওরফে হাজী কামালকে গ্রেফতার করেছে র্যাব। এ সময় তার কাছ থেকে পাসপোর্ট জরু করা হয়েছে। র্যাব-৩ এর কার্যালয় থেকে পাঠানো এক ক্ষুদে বার্তায় এই তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **শিমুলিয়া-কঁঠালবাড়ি রুটে ১৪টি ফেরিতে করে চলছে স্বাভাবিক পারাপার**

ঢাকাসহ সারাদেশে গণপরিবহন চলাচল শুরুর পর শিমুলিয়া-কঁঠালবাড়ি এবং দৌলতদিয়া-পাটুরিয়া ফেরিঘাট দিয়ে নদী পার হচ্ছে দূরপাল্লার যাত্রীবাহী বাসগুলো। এর মধ্যে শিমুলিয়া-কঁঠালবাড়ি রুটে ১৪টি ফেরিতে করে চলছে স্বাভাবিক পারাপার। প্রথম দিনে আজ ফেরিঘাটে যানবাহনের তেমন একটা চাপ নেই।

(রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **আজ থেকে রাজধানীতে শুরু হয়েছে বাস চলাচল**

করোনা প্রাদুর্ভাবের কারণে দীর্ঘ দুঃমাসেরও বেশি সময় বন্ধ থাকার পর আজ থেকে রাজধানীর বিভিন্ন রুটে শুরু হয়েছে যাত্রীবাহী বাস চলাচল। এছাড়া দেশের বিভিন্ন স্থান থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসছে দূরপাল্লার বাস। ঢাকা থেকেও ছেড়ে যাচ্ছে বিভিন্ন গন্তব্যে। তবে বাস চলাচল শুরুর প্রথম দিনে যাত্রী উপস্থিতি কিছুটা কম দেখা গেছে। এর বাইরে ৪টি অভ্যন্তরীণ রুটে বিমান চলাচলও শুরু হয়েছে আজ থেকে।

(রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **ভাড়া সম্বয় করে গণপরিবহন চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার: ওবায়দুল কাদের**

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, করোনা পরিস্থিতিতে বাস্তবতার নিরিখে ভাড়া সম্বয় করে এবং অর্ধেক সিট খালি রেখে গণপরিবহন চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার। আজ রাজধানীর নিজ বাস ভবন থেকে এক ভিডিও বার্তায় তিনি একথা বলেন। এসময় মন্ত্রী আরও বলেন, শত প্রতিকূলতার মধ্যেও পদ্মা সেতুর কাজ এগিয়ে চলছে। এ পর্যন্ত মূল সেতুর ৮৭ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

(রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **গণপরিবহনের ভাড়া ৬০ শতাংশ বাড়ানোর বৈধতা চ্যালেঞ্জ করে রিট**

করোনা পরিস্থিতির মধ্যে গণপরিবহনের ভাড়া ৬০ শতাংশ বাড়িয়ে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে একটি রিট দায়ের করা হয়েছে। সোমবার সকালে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী হৃষ্মায়ন কবির পল্লব। বিচারপতি জে.বি.এম. হাসানের ভার্চুয়াল বেঞ্চে মঙ্গলবার অথবা তার পরদিন রিটটির উপর শুনানি হতে পারে বলে জানিয়েছেন তিনি। এর আগে সকালে একই ইস্যুতে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপন স্থগিত চেয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও বিআরটি এ চেয়ারম্যানকে আইনি নোটিশ পাঠান সুপ্রিম কোর্টের আরেক আইনজীবী অ্যাডভোকেট মোঃ মনিরজ্জামান লিংকন। সকালে ই-মেইলে তিনি এই নোটিশ পাঠান। এতে নোটিশ পাওয়ার পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে প্রজ্ঞাপন স্থগিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। তা না হলে জনস্বার্থে আইনগত ব্যবস্থা নেয়ার কথা জানিয়েছেন নোটিশদাতা আইনজীবী। (রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপ-প্রেস সচিবের বাবার ইন্টেকাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপ-প্রেস সচিব মোঃ আশরাফুল আলম খোকনের বাবা আনোয়ার হোসেন ইন্টেকাল করেছেন। আজ সকালে গাজীপুরের কাপাসিয়ার তারাগঞ্জ গ্রামের নিজ বাসভবনে ইন্টেকাল করেন তিনি (ইন্না লিল্লাহি ওয়া.....রাজিউন)। তার বয়স হয়েছিল ৭৯ বছর। আশরাফুল আলম খোকনের বাবার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। (রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **ডা. জাফরঞ্জাহর শারীরিক অবস্থা স্থিতিশীল**

নোভেল করোনাভাইরাসে আক্রান্ত গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরঞ্জাহ চৌধুরীর শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে এবং তিনি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। জাতীয় ঐক্যফ্রেন্টের দণ্ডন সেলের প্রধান জাহঙ্গীর আলম মিন্টু গণমাধ্যমকে এই তথ্য জানিয়েছেন। এদিকে, করোনায় আক্রান্ত ডা. জাফরঞ্জাহ চৌধুরীর স্ত্রী শিরীন হক জ্বর নিয়ে গতকাল গণস্বাস্থ্য কেন্দ্র হাসপাতালে ভর্তি হয়েছেন। আর তাদের ছেলে বারেশ চৌধুরী বাসাতেই চিকিৎসা নিচ্ছেন। (রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

### **রাজস্ব আদায় নেমে এসেছে শুন্যের কোটায়**

দুই মাসেরও বেশি সময় সাধারণ ছুটির কারণে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব আদায় শুন্যের কোটায় নেমে এসেছে। তহবিল সক্ষটের কারণে ব্যাহত হচ্ছে কর্পোরেশনের স্বাভাবিক কার্যক্রম। পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের বেতন দিতেও হিমশিম খেতে হচ্ছে দেশের চট্টগ্রামের নগর কর্তৃপক্ষকে।

(রেডিও টুডে: ১৩.৪৫ঘ. ০১/০৬/২০২০ প্রতীক/নারগীস)

## দেশে একদিনে আরও ২,৩৮১ জন করোনা রোগী শনাক্ত

দেশে করোনায় একদিনে আরও ২২ জনের মৃত্যু হয়েছে। মৃত্যুবরণকারীদের মধ্যে ১৯ জন পুরুষ ও ৩ জন নারী। একইসময়ে নতুন করে শনাক্ত হয়েছেন আরও ২,৩৮১ জন করোনা রোগী। দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বুলেটিনে এসব তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

## করোনা পরিস্থিতি বিবেচনায় সারাদেশকে ৩টি জোনে ভাগ করবে সরকার

করোনা সংক্রমণ ও মৃত্যুহার বিবেচনায় পুরো দেশকে রেড, গ্রিন ও ইয়োলো জোনে ভাগ করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। প্রয়োজনে আক্রান্ত এলাকাগুলোকে সাময়িকভাবে লকডাউন করা হবে বলেও জানান তিনি। আজ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে করোনা পরিস্থিতি নিয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের সাথে বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

## চট্টগ্রাম অঞ্চলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে করোনা শনাক্তের সবচেয়ে বড় ল্যাব চালু

চট্টগ্রাম অঞ্চলে করোনাভাইরাস শনাক্তের সবচেয়ে বড় পরীক্ষার চালু হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। আজ বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের জীব বিজ্ঞান অনুষদে করোনাভাইরাস শনাক্তকরণ ল্যাবের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি। এসময় তিনি জাতির এই ক্রান্তিলয়ে নিজেদের গবেষণা জ্ঞান দিয়ে মানুষের সেবায় এগিয়ে আসার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এই ল্যাবে একসাথে ৩টি পিসিআর মেশিনে প্রতিদিন ৫০০ নমুনা পরীক্ষা করা যাবে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

## স্বাস্থ্যবিধি না মানলে সরকার আরও কঠোর হবে: ওবায়দুল কাদের

দেশবাসীকে সতর্ক করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, স্বাস্থ্যবিধি না মানায় পরিস্থিতির অবনতি হলে সরকার আরও কঠোর হবে। আজ নিজ বাসভবন থেকে এক ভিডিও বার্তায় তিনি একথা বলেন। এসময় মন্ত্রী আরও বলেন, করোনা পরিস্থিতিতে বাস্তবতার নিরিখে ভাড়া সমন্বয় করে এবং অর্ধেক সিট খালি রেখে গণপরিবহন চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০১/০৬/২০২০ আছাদ/নারগীস)

## সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোঃ নাসিম করোনাভাইরাসে আক্রান্ত

বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন করোনাভাইরাসে আক্রান্ত সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোঃ নাসিমকে আইসিইউতে স্থানান্তর করা হয়েছে। গত রাত ৯টার দিকে শ্বাস-প্রশ্বাসে সমস্যা দেখা দিলে তাকে আইসিউতে স্থানান্তর করা হয় বলে জানিয়েছেন হাসপাতালের পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা আল-ইমরান চৌধুরী। এর আগে গতকাল জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে ভর্তি হন মোঃ নাসিম। এদিকে, স্বাস্থ্য মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোঃ মাইদুল ইসলাম প্রধানের করোনাভাইরাস শনাক্ত হয়েছে। উপসর্গ থাকায় রোববার নমুনা পরীক্ষা করতে গিয়েছিলেন তিনি। স্বাস্থ্য পরীক্ষার ফল পজিটিভ আসায় বর্তমানে তিনি বাসায় থেকেই চিকিৎসা নিচ্ছেন।

(রেডিও টুডে: ০৮:৪৫ঘ. ০২/০৬/২০২০ আছাদ/নারগীস)

## সারাবিশ্বে আক্রান্তের সংখ্যা ৬৩ লাখ ৬৬ হাজারের বেশি; মৃতের সংখ্যা বেড়ে ৩ লাখ ৭৭ হাজার

বিশ্বজুড়ে করোনা মহামারীতে আক্রান্তের সংখ্যা ৬৩ লাখ ৬৬ হাজার ছাড়িয়ে গেছে। আক্রান্তদের মধ্যে এ পর্যন্ত মারা গেছেন ৩ লাখ ৭৭ হাজার মানুষ। এছাড়া করোনা থেকে সুস্থ হয়ে উঠেছেন ২৮ লাখ ৬২ হাজার ৭৭৭ জন।

(রেডিও টুডে: ০৮:৪৫ঘ. ০২/০৬/২০২০ প্রতীক/নারগীস)

## ডিলিউএফপি'র শুভেচ্ছাদূত নিযুক্ত হয়েছেন বাংলাদেশ ক্রিকেট দলের অধিনায়ক তামিম ইকবাল

জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি ডিলিউএফপি'র জাতীয় শুভেচ্ছাদূত নিযুক্ত হয়েছেন বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট দলের অধিনায়ক তামিম ইকবাল। তিনি এই নিয়োগের সম্মানিত বোধ করছেন বলে জানিয়েছেন তামিম।

(রেডিও টুডে: ০৮:৪৫ঘ. ০২/০৬/২০২০ সাইফুর/নারগীস)

## BBC ENGLISH

### VIOLENCE ERUPTS ACROSS US ON SIXTH DAY OF PROTESTS

Violence has erupted in cities across the US on the sixth night of protests sparked by the death in police custody of African-American George Floyd. Curfews have been imposed in nearly 40 cities, but people have largely ignored them, leading to tense stand-offs. Riot police clashed with protesters in New York, Chicago, Philadelphia and Los Angeles, firing tear gas and pepper bullets to try to disperse the crowds. Police vehicles were set on fire and shops were looted in several cities. (BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **EX-FOREIGN SECRETARIES URGE ALLIANCE ON HONG KONG**

Seven former UK foreign secretaries have urged Boris Johnson to form a global alliance to coordinate the response to the China-Hong Kong crisis. China is facing mounting criticism over a planned security law for Hong Kong which would make it a crime to undermine Beijing's authority. Foreign Secretary Dominic Raab said the UK would not turn a blind eye. Hong Kong was handed back to China from British control in 1997 but under a unique agreement. The former British colony enjoys some freedoms not seen in mainland China - and these are set out in a mini-constitution called the Basic Law.

(BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **HUGE CROWDS AS INDIA RESUMES SOME TRAIN SERVICES**

India has partially restored train services amid reports of chaos and overcrowding at some stations. At least 145,000 people will travel in trains on Monday as the country starts to reopen after a prolonged lockdown. Two hundred trains will now start operations-up from the existing 30 that are currently running. But maintaining social distancing and cleanliness is proving to be a difficult task as huge crowds gathered outside some stations. India's mammoth railway network usually carries 25 million passengers every day.

(BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **RUSSIA AND TURKEY RISK TURNING LIBYA INTO ANOTHER SYRIA**

Libya looks to be at the end of one bleak chapter, but there is no guarantee that the next will be any better for a country that has been torn to pieces by civil war and foreign intervention since Col Muammar Gaddafi met his grisly death in 2011. Since last year Gen Khalifa Haftar, the strongman of eastern Libya, has been trying to capture the capital, Tripoli, in the far west of the vast country. Intervention by Turkey in support of the Tripoli government, recognised by the United Nations, looks to be decisive. Gen Haftar's men, along with a force of several thousand Russian mercenaries, are in retreat.

(BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **MOSCOW LOCKDOWN EASED AFTER 9 WEEKS.**

Authorities in Moscow have eased lockdown restrictions, even as case numbers continue to rise. Parks and shopping centres in the Russian capital reopened and people were allowed out for walks and limited exercise for the first time in nine weeks. President Vladimir Putin announced last week the country had passed the peak of its outbreak. Russia reported another 9,035 confirmed cases and 162 deaths on Monday. In total the country has recorded 414,878 infections-the third highest number in the world after the US and Brazil- and a death toll of 4,855. (BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **HONG KONG'S TIANANMEN VIGIL BANNED FOR FIRST TIME**

Hong Kong police have banned a vigil marking the Tiananmen Square crackdown for the first time in 30 years. Authorities said the decision was due to health concerns over coronavirus. However, there are fears this may end the commemorations, as China seeks to impose a new law making undermining its authority a crime in the territory. Currently, Hong Kong and Macau are the only places in Chinese territory where people can commemorate the deadly 1989 crackdown on pro-democracy protesters. In mainland China, the authorities have banned even oblique references the events of June 4, which came after weeks of mass demonstrations that were tolerated by the government.

(BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **ANGER AFTER AUTISTIC PALESTINIAN KILLED BY POLICE**

Hundreds of people have attended the funeral of an autistic Palestinian man who was shot dead by Israeli police. Iyad Halaq, 32, was killed on Saturday in occupied East Jerusalem while he walked to his special needs school. Israel's police force said officers suspected Mr. Halaq was carrying a weapon and that they opened fire when failed to obey orders to stop. He was later found to have been unarmed. Israeli Defence Minister Benny Gantz expressed regret over the shooting. (BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **TROPICAL STORM AMANDA KILLS 14 IN EL SALVADOR**

Tropical Storm Amanda killed at least 14 people when it struck El Salvador, unleashing flooding and landslides, officials say. The president of El Salvador, Nayib Bukele, has declared a 15-day state of emergency to deal with the effects of the deadly storm. He said it had caused \$200m worth of damage. Thousands of people have sought refuge in shelters after their homes were destroyed. (BBC: 22:00+23:00 hrs. 01/06/2020 Faruk/Nargis)

### **PROTESTS FLARE IN BRAZIL DESPITE RISING INFECTIONS**

In Brazil, there have been clashes on the streets of Sao Paulo and Rio de Janeiro after protests both for and against President Jair Bolsonaro. Over the weekend, Brazil overtook France in the total number of coronavirus deaths with nearly 29,000 people losing their lives. Bolsonaro came out on a horse to join hundreds of supporters in the capital Brasilia. No attempt at social distancing- a display of defiance from the man who in the past has called coronavirus the sniffles. (BBC: 06:00 hrs. 02/06/2020 Faruk/Nargis)

### **MEXICO NEARS 10,000 DEATHS**

Mexico is taking its first step to reopen from 1 June with a number of industries permitted to return to work. They include car-part manufacturing plants and construction as well as beer factories and bike shops. However, the decision has been criticised as too hasty by some scientists who say the outbreak is still at its most acute in Mexico. Almost 10,000 people have died from Covid-19 in Mexico. (BBC: 06:00 hrs. 02/06/2020 Faruk/Nargis)

### **IRAN RISKS STRONGER SECOND WAVE IF GUIDELINES IGNORED**

Iran's government has warned of a second, stronger wave in the Middle East's biggest coronavirus outbreak, after reporting its highest daily number of cases in the past two months. The health ministry said on Monday that 2,979 new infections had been recorded in the past 24 hours, bringing the total to 1,54,445. There were also 81 deaths, raising the overall toll to 7,878. (BBC: 06:00 hrs. 02/06/2020 Faruk/Nargis)

### **GEORGE FLOYD DEATH: ZIMBABWE SUMMONS US ENVOY**

The Zimbabwean government has summoned US ambassador Brian Nichols to explain remarks by the US national security adviser that Zimbabwe was stoking anti- racist protests in the country. Violence has erupted in cities across the US sparked by the death in police custody of African-American George Floyd. US National Security Adviser Robert O'Brien, in an interview with American broadcaster ABC, had said foreign adversaries were taking advantage of the ongoing protests and mentioned Zimbabwe and China.

(BBC: 06:00 hrs. 02/06/2020 Faruk/Nargis)

**::--:: THE END ::--::**